গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জনপ্রশাসন মন্ত্রণালয়

জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী

আইসিটি শাখা

জেলা আইসিটি কমিটির জুন ২০১৯ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি	এস. এম. আব্দুল কাদের জেলা প্রশাসক
সভার তারিখ	১৬ জুন ২০১৯ খ্রিস্টাব্দ
সভার সময়	সকাল ৯.৩০ মিনিট
স্থান	জেলা প্রশাসক, রাজশাহী এর সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট "ক"

জেলা প্রশাসক, রাজশাহী এবং সভাপতি, জেলা আইসিটি কমিটি সভার সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। জেলা প্রশাসক মহোদয়ের অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রাজশাহী ও সদস্য সচিব, জেলা আইসিটি কমিটি গত সভার কার্যবিবরণী পাঠ করেন। মে ২০১৯ মাসের কার্যবিবরণী পর্যালোচনা ও তৎপ্রেক্ষিতে গৃহীত সিদ্ধান্তগুলো নিম্নে বর্ণিত হলো :

ক্রম	বিষয়	বিস্তারিত আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নে
১।	ইন্টারনেট কানেকশন	রাজশাহী জেলার সকল দপ্তরের ইন্টারনেট কানেকশন সংক্রান্ত সমস্যার জন্য এ কার্যালয়ের প্রোগ্রামার মহোদয়ের সাথে যোগাযোগ করার জন্য সভার সকল সদস্যকে পুনরায় অনুরোধ জানানো হয়। সেই সাথে সকল সদস্যের অবগতির জন্য প্রোগ্রামার মহোদয়ের মোবাইল নম্বর সভায় জানিয়ে দেয়া হয়। **(জনাব মো: তাহনিয়াতুল ইসলাম, ০১৭১৫-৬৭৩৩৩৮)**	ইন্টারনেট কানেকশন এর সমস্যা থাকলে এ কার্যালয়ে যোগাযোগ করার জন্য সকল দপ্তর প্রধানদেরকে পুনরায় অনুরোধ জানানো হলো।	রাজশাহী জেলা সকল দপ্তর প্রধান
২।	ওয়েব পোর্টাল হালনাগাদ করণ	রাজশাহী জেলার সকল দপ্তরকে তাদের নিজ নিজ দপ্তরের তথ্যগুলো নিয়মিত হালনাগাদ করার জন্য পুনরায় অনুরোধ জানানো হয় এবং সকল দপ্তরকে তাঁদের জনসেবামূলক কর্মকান্ডের তথ্য পোর্টালে আপলোড করার জন্য বলা হয়। সেই সাথে পোর্টাল সংক্রান্ত যে কোন সহায়তার জন্য এ কার্যালয়ের প্রোগ্রামার মহোদয়ের সাথে যোগাযোগ করতে অনুরোধ জানানো হয়। **(জনাব মো: তাহনিয়াতুল ইসলাম, ০১৭১৫-৬৭৩৩৩৮)**	রাজশাহী জেলার সকল দপ্তরকে তাঁদের নিজ নিজ দপ্তরের সকল তথ্য নিয়মিত হালনাগাদ করা এবং জনসেবামূলক কর্মকান্ডের তথ্য পোর্টালে আপলোড করার জন্য সভায় উপস্থিত সকল সদস্যকে পুনরায় অনুরোধ জানানো হলো।	সকল দপ্তর প্রধানগণ
৩।	ই-নথি	রাজশাহী জেলার প্রায় সকল দপ্তরকেই ইতোমধ্যে ই-নথি প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকলেও বেশির ভাগ দপ্তর এখনও ই-নথিতে কাজ করেন না। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। এ বিষয় কোন সমস্যা থাকলে এ কার্যালয়কে অবহিত করার জন্য অনুরোধ জানানো হয়। সভায় উপস্থিত সদস্যদের অবহিত করা হয় যে, বর্তমানে ই-নথি বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। যে সকল দপ্তরের নথি কার্যক্রমে সমস্যা রয়েছে তারা বর্ণিত প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পারেন।	ই-নথি কার্যক্রম শতভাগ সফল করার লক্ষ্যে সকল দপ্তরকে ই-নথি সিস্টেমে কাজ করার জন্য অনুরোধ জানানো হলো। যাঁদের প্রশিক্ষণ প্রয়োজন তাঁদেরকে আইসিটি শাখায় প্রশিক্ষণার্থীর তথ্য প্রদানের জন্য অনুরোধ জানানো হয়।	রাজশাহী জেলার সকল দপ্তর প্রধানগণ
৪।	৩৩৩	৩৩৩ এর উপকারিতার কথা সকলকে ব্যাপকভাবে প্রচারের জন্য উপস্থিত সকল সদস্যকে অনুরোধ জানানো হলো। **<u>এই নম্বরের সেবাগুলো নিম্নে বর্ণিত হলো :</u>** জাতীয় তথ্য বাতায়নের সকল ওয়েবসাইটের তথ্য প্রদান; সকল সরকারি সেবা প্রাপ্তির পদ্ধতির তথ্য প্রদান; বিভিন্ন জেলা ও উপজেলা সম্পর্কিত তথ্য প্রদান; সরকারি কর্মকর্তাদের সাথে যোগাযোগের তথ্য প্রদান; সামাজিক সমস্যা প্রতিকারে জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারদের নিকট অভিযোগ দাখিল;	৩৩৩ এর উপকারিতার কথা জনসাধারণের মাঝে ব্যাপকভাবে প্রচার করার সিদ্ধান্ত গৃহীত হলো।	রাজশাহী জেলার সকল দপ্তর প্রধানগণ

৫।	৯৯৯	৯৯৯ জরুরি সেবা বাংলাদেশ পুলিশের অধীনে পরিচালিত একটি জরুরি কল সেন্টার। এখান থেকে জরুরি পুলিশ, জরুরি ফায়ার সার্ভিস ও জরুরি এ্যাম্বুলেন্স সেবা প্রদান করা হয়। দেশের যে কোন প্রান্ত থেকে যে কোন ব্যক্তি ৯৯৯ কল করার মাধ্যমে এ সকল জরুরি সেবা গ্রহন করতে পারবেন। সর্বস্তরের নাগরিকদের জরুরি সেবা প্রদানের উদ্দেশ্য ২০১৭ সালের ১২ ডিসেম্বর স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনে বাংলাদেশ পুলিশ এই কল সেন্টার সেবাটি চালু করে। সপ্তাহে ৭ দিন ২৪ ঘন্টা চালু রয়েছে এ কল সেন্টার। ৯৯৯ একটি টোল ফ্রি নাম্বার। এই নাম্বারে কল করার জন্য কলারকে কোন টাকা খরচ করতে হয় না। বর্তমানে এই কল সেন্টারে শতাধিক এজেন্ট জরুরি সেবা প্রদানে কাজ করে যাচ্ছে। ভবিষ্যতে এই সংখ্যা বৃদ্ধির পরিকল্পনা রয়েছে। এছাড়া পুলিশ, ফায়ার সার্ভিস এবং এ্যাম্বুলেন্স সেবার পাশাপাশি অন্যান্য সেবা দেওয়ার পরিকল্পনা হাতে নেয়া হয়েছে। আপনার জরুরি কলের জন্য আমাদের প্রশিক্ষিত কল সেন্টার এজেন্টরা সদা প্রস্তুত, প্রস্তুত বাংলাদেশ পুলিশ।	৯৯৯ এর উপকারিতার কথা জনসাধারণের মাঝে ব্যাপকভাবে প্রচার করার সিদ্ধান্ত গৃহীত হলো।	রাজশাহী জেলার সকল দপ্তর প্রধানগণ
৬।	১৬২৬৩	সভায় উপস্থিত বিটিসিএল, রাজশাহী এর সদস্য সভাকে অবহিত করেন যে, ১৬২৬৩ নম্বরটিতে ফোন করে তাৎক্ষনিভাবে স্বাস্থ্য সেবা গ্রহণ করা সম্ভব। বিষয়টি সকলের মাঝে ব্যাপক প্রচারের জন্য তিনি সভায় উপস্থিত সদস্যদের অনুরোধ জানান	১৬২৬৩ এর উপকারিতার কথা জনসাধারণের মাঝে ব্যাপকভাবে প্রচার করার সিদ্ধান্ত গৃহীত হলো।	রাজশাহী জেলার সকল দপ্তর প্রধানগণ

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

এস. এম. আব্দুল কাদের
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.৪৩.৮১০০.০৩৪.০১.০০৫.১৮.৫৪

তারিখ: ২ আষাঢ়.১৪২৬
১৬ জুন ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), শিক্ষা ও আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
২) অধ্যক্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী
৩) পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, রাজশাহী
৪) অধ্যক্ষ, রাজশাহী সরকারি মহিলা কলেজ, রাজশাহী
৫) অধ্যক্ষ, কারিগরি প্রশিক্ষণ ইন্সটিটিউট, রাজশাহী
৬) বিভাগীয় প্রকৌশলী ফোন্স, বিটিসিএল, রাজশাহী
৭) সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
৮) সহকারী পরিদর্শক, জেলা শিক্ষা অফিস, জেলা শিক্ষা অফিস,রাজশাহী
৯) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিস,রাজশাহী
১০) প্রধান শিক্ষক, পি. এন. সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, রাজশাহী
১১) প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী

মো. নজরুল ইসলাম
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)